

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৪৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৭]

১৬/ (প্রার্থনামূলক) দো'আসমূহ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ২৫০: দো'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতিপয় দো'আর নমুনা

(250) بَابُ فَضْلِ الدُّعَاءِ

আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ الْحُسَيْنِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَّمَ أَبَاهُ حُسَيْنًا كَلِمَتَيْنِ يَدْعُو بِهِمَا: «اللَّهُمَّ أَلْهِمْنِي رُشْدِي، وَأَعِزَّنِي مِنْ شَرِّ نَفْسِي». رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: حَدِيثٌ حَسَنٌ

বাংলা

২৩/১৪৯৫। ইমরান ইবনুল হুসাইন রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর (রাবী) পিতা হুসাইন রাদিয়াল্লাহু আনহু-কে দু'টি কালিমা শিখিয়েছেন যা দিয়ে তিনি দো'আ করতেন: “হে আল্লাহ! আমার অন্তকরণে হিদায়েত পৌঁছাও, আর হৃদয়ের অনিষ্টটা থেকে আমাকে রক্ষা কর।” (তিরমিযী হাদিসটিকে হাসান বলেছেন)[1]

English

(250) Chapter: Issues regarding Supplications, their Virtues and Supplications of the Prophet (pbuh)

'Imran bin Husain (May Allah be pleased with them) reported:

The Prophet (ﷺ) taught my father two statements to recite in his Du'a.

These are: "Allahumma al-himni rushdi, wa a'idhni min sharri nafsi (O Allah! Inspire in me guidance and deliver me from the evils within myself)."

[At-Tirmidhi].

Commentary: "Al-Hidayah" (guidance) means the ability to do good deeds. It is an indication of the right course for every action. "Deliver me from the evils within myself" refers to the desires of the baser self which ruin both the worldly and religious life.

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ ইমাম তিরমিযী এরূপই বলেছেন। সম্ভবত (এরূপ হাসান বলাটা) তিরমিযীর কোন কোন কপিতে এসেছে। কিন্তু বুলাক ছাপায় (২/২৬১) তিনি বলেনঃ হাদীসটি গারীব। অর্থাৎ দুর্বল। এর সনদের অবস্থার পরিপ্রেক্ষিতে এরূপ হওয়াই উচিত। কারণ এর সনদে বিচ্ছিন্নতা এবং দুর্বলতা রয়েছে। (এর বর্ণনাকারী শাবীবকে হাফিয যাহাবী দুর্বল আখ্যা দিয়েছেন)। এটিকে ইবনু হিববান (২৪৩১) ও আহমাদ (৪/৪৪৪) অন্য সূত্রে **اللهم قني شر نفسي واعزم على رشدي أمرى** ভাষায় বর্ণনা করেছেন। এ ভাষার সনদটি শাইখাইনের (বুখারী এবং মুসলিমের) শর্তানুযায়ী সহীহ।

আর ইমাম আহমাদ (৪/২১৭) বর্ণনা করেছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওসাল্লাম বলেছেনঃ **اللهم اغفر لي** **ذَنْبِي خَطِيئِي وَعَمْدِي اللَّهُمَّ إِنِّي أَسْتَهْدِيكَ لَأَرْشِدَ أَمْرِي وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِي** এর সনদটিও ভালো।

হাদিসের মান: **যঈফ (Dai'f)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=27185>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন